রঙ, অ্যারারুট ও বাসিপঁচা পাউরুটি দিয়ে আইসক্রিম তৈরীঃ একজনের কারাদণ্ড

কুষ্টিয়ার কুমারখালিতে অস্বাস্থ্যকর পরিবেশে নিম্নমানের উপাদান ব্যবহার করে আইসক্রিম তৈরির অপরাধে ইমন নামে একজনকে এক মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। একইসাথে কারখানা সীলগালা করা হয়।

বৃহস্পতিবার দুপুরে কুমারখালী উপজেলায় প্রাণ আইসক্রিম কারখানায় এ অভিযান চালানো হয়।

দন্ডপ্রাপ্ত ইমন উপজেলার সদকী খয়েরচারা এলাকার মোঃ জাহাঙ্গীর আলমের ছেলে।

অভিযান পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভুমি) মুহায়মিনুল আল জিহান।

তিনি জানান, অস্বাস্থ্যকর পরিবেশে নিম্নমানের উপাদান ব্যবহার করে আইসক্রিম তৈরি করছে এমন অভিযোগে উপজেলায় প্রাণ আইসক্রিম কারখানায় অভিযান চালানো হয়। এসময় দেখা যায় ভেজা এবং স্যাঁতসেঁতে নোংরা রুমের মধ্যে ঘনচিনি, স্যাকারিন, খাওয়ার অনুপযোগী রঙ, অ্যারারুট, সুইটিক্স ও ফ্লেভার, বাসি পঁচা পাউরুটি দিয়ে তৈরী করে সেগুলো বাজারজাত করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন,২০০৯ এর ৪১ ধারায় ইমন নামে একজনকে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

এছাড়া ভেজাল সামগ্রী এবং পচা আইসক্রিম ধ্বংস করা হয়। এবং আইসক্রিমের কারখানাটি বন্ধ করে দেয়া হয়।

অভিযানে সহায়তা করেন স্যানিটারি ইন্সপেক্টর আরাফাত রহমানসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

কুঠিবাড়ি পরিদর্শন করলেন ফায়ার সার্ভিসের মহাপরিচালক
এসএম জামালঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত শিলাইদহের রবীন্দ্র কুঠিবাড়ি পরিদর্শন করেছেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ

[redacted]

[redacted]

[redacted]

উপজেলা মহাজনপুর জিসি হতে বামনপাড়া জিসি রোড সংস্কারের কাজ শুরু করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর এলজিইডি ইন্জিনিয়ার (ভারপ্রাপ্ত) এসএম শহিদুল ইসলাম, এলজিডি অফিসের উপসহকারি প্রকৌশলী হারুন-অর রশিদসহ অনন্যা কর্মকর্তা কর্মচারী।

Attachments area

ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে ঝিনাইদহে সাংবাদিকদের ওরিয়েন্টেশন কর্মশালা

ঝিনাইদহ সিভিল সার্জন অফিসের অডিটোরিয়ামে আগামী ৪ তারিখ থেকে শুরু হওয়া পক্ষকালব্যাপী ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে ঝিনাইদহে সাংবাদিকদের নিয়ে স্বাস্থ্য বিভাগের এক ওরিয়েন্টশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

কর্মশালায় জানা যায় ঝিনাইদহে মোট ১,৮৮৫ টি কেন্দ্রের মাধ্যমে ৬ মাস হতে ১১ মাস বয়সের ২৫,৬৪৬ জন শিশুকে একটি করে নীল রঙের ক্যাপসুল ও ১২ হতে ৫৯ মাস বয়সী শিশুকে ১টি করে লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিভিল সার্জন ডা. সেলিনা বেগম, এছাড়া অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দিক।

সঞ্চালনা করেন সিনিয়র মেডিকেল অফিসার প্রসেনজিত বিশ্বাস পার্থ। এ সময় উপস্থিত ছিলেন-ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু সহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

[redacted]

[redacted]

কুষ্টিয়ায় মাদক মামলায় যুবকের যাবজ্জীবন কারাদণ্ড

কুষ্টিয়ায় মাদক মামলায় রেন্টু ওরফে রিন্টু (৩৫) নামে এক যুুবককে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫০ হাজার টাকা অর্থদণ্ডাদেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ বিশেষ আদালতের বিচারক মুন্সী মো: মশিয়ার রহমান এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত আসামি কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার কৈপাল গ্রামের বিল্লাল হোসেন শেখ’র ছেলে রেন্টু ওরফে রিন্টু।

আদালত সূত্রে জানা যায়, ২০১৫ সালের ৮ ফেব্রুয়ারি রাত সাড়ে ৯টায় কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার উত্তর ভবানীপুর হাওয়াখালী মাঠের চৌরাস্তা মোড়ে পুলিশের এক অভিযান কালে ফেনসিডিল ভর্তি কার্টুন বহন করার সময় রেন্টুকে আটক করে পুলিশ। এ ঘটনায় ভেড়ামারা থানার পুলিশ উপ-পরিদর্শক কে এম জাফর আলী বাদি হয়ে ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে।

কুষ্টিয়া জেলা ও দায়রা জজ বিশেষ আদালতের সরকারি কৌসুলি (পিপি) এ্যাডভোকেট আব্দুল হামিদ রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন।

গাংনীতে মুজিব বর্ষ উপলক্ষে সড়ক সংস্কার কাজ অব্যাহত রেখেছে উপজেলা এলজিইডি

“মুজিব বর্ষের অঙ্গীকার,সড়ক হবে সংস্কার” এই প্রতিপাদ্যে মেহরপুরের গাংনী উপজেলা এলজিইডি কর্র্র্তৃক গ্রামীন সড়ক

রক্ষনাবেক্ষণ কর্মসুচীর আওতায় উপজেলার বিভিন্ন সড়ক সংস্কার কাজ চলমান রয়েছে। বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকীতে গাংনী উপজেলা এলজিইডি যথাযথ মর্যাদার সাথে মুজিব বর্ষ পালন করছে। সড়ক পরিস্কার পরিছন্ন রাখা এবং সংস্কারে নিয়োজিত রয়েছেন উপজেলা এলজিইডি’র শতাধিক নারী শ্রমিক।

এসকল নারী শ্রমিক গাংনী উপজেলা বিভিন্ন সড়ক মানুষ চলাচলের উপযোগী করে পরিস্কার পরিচ্ছন্নতায় এবং সংস্কারে ব্যাস্ত সময় পার করছেন। সে লক্ষ্যে বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা হেড কোয়ার্টার হতে গাংনী (আর এইচ ডি) হাটবোয়ালীয়া জিসি রোড সংস্কারের কাজ শুরু করেন। এসময় মেহেরপুর জেলা এলজিইডি’র সহকারি প্রকৌশলী মোহাঃ আলমগীর কবীর উপস্থিত থেকে সংস্কার কাজ পরিদর্শন শেষে মুজিব বর্ষের তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন। এসময় বক্তব্য রাখেন গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ।

উপস্থিত ছিলেন গাংনী এলজিইডি অফিসের উপসহকারি প্রকৌশলী তৌফিকুর রহমান, উপসহকারি প্রকৌশলী(নকশাকার) তৌহিদুল ইসলাম,কমিউনিটি অর্গানাইজার বিএম সাহেদ প্রমুখ। সড়ক সংস্কার কাজে নিয়োজিত নারী শ্রমিকরা জানান, প্রতিটি সড়ক সংস্কার কাজে নিয়োজিত থেকে কাজ করে সরকারের উদ্দেশ্য সফলে সহযোগীতা করছেন। তাতে তাদের পরিবার উপকৃত হচ্ছেন। এসময় মুজিব বর্ষের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন আলমগীর কবীর।

কালীগঞ্জে ক্যাম্বেল হাস পালনে সফল অনেক খামারী, কমেছে বেকারত্ব

প্রানীজ প্রোটিন ও আমিষ এর চাহিদা পূরনে ডিম এর প্রয়োজনীয়তা অপরিসীম। বানিজ্যিকভাবে বা ছোট ছোট খামারের মাধ্যমে হাস মুরগী পালন করে এই চাহিদা পূরনে অংশগ্রহণ করেছেন অনেক উদ্দোক্তা ও কৃষক। অতি অল্প জায়গায় ও সল্প পুঁজি নিয়ে এই ধরনের কাজ করা যায়, এবং লাভ বেশি হওয়ার ফলে বেকার যুবকেরাও হাস মুরগী পালনের দিকে

ঝুকছেন। কাজ করা যায়, এবং লাভ বেশি হওয়ার ফলে বেকার যুবকেরাও হাস মুরগী পালনের দিকে ঝুকছেন। কাজ করা যায়, এবং লাভ বেশি হওয়ার ফলে বেকার যুবকেরাও হাস মুরগী পালনের দিকে ঝুকছেন।

তেমনই ঝিনাইদহের কালীগঞ্জে বানিজ্যিক ভাবে গড়ে উঠেছে বহু হাসের খামার। হাসের সাথে পূরন হচ্ছে মাছের চাহিদা। মিশ্র চাষ পদ্ধতি ব্যাবহার করে লাভবান হচ্ছেন খামারীরা। কালীগঞ্জের হাজিপুর মুন্দিয়া, কোলা, রাখালগাছি, ওয়াপদা রোড সহ বিভিন্ন স্থান ছোট বড় শতাধিক খামার তৈরি হয়েছে। এ সকল খামারে খাকি ক্যাম্বেল, হোয়াট পিকিন্স, ইন্ডিয়ান রানার, বার্ফ, এনকোনা ও নাগেশ্বরী জাতের হাস চাষ করা হচ্ছে। তবে এসব জাতের ভিতরে থাইল্যান্ড খাকি ক্যাম্বেল সবথেকে সফল জাত হিসাবে খামারীদের কাছে পরিচিতি পেয়েছে। এসকল জাতের হাস বছরে গড়ে ২৮০-৩০০ টি পর্যন্ত ডিম দিয়ে থাকে।

ডিমের পাশাপাশি মাংসের চাহিদাও পূরন করছে এ সকল হাস। দুই বছর বা তার কম বয়সী হাস ডিম পাড়া শেষ হলে স্থানীয় চাহিদা মেটানোর সাথে সাথে ঢাকা, চট্রগ্রাম, নারায়ণগঞ্জ সহ দেশের বিভিন্ন স্থানে রপ্তানি করা হয়। গড়ে প্রতিটি হাসের ওজন। ২ থেকে ২.৫ কেজি পর্যন্ত হয়ে থাকে।, এনকোনা ও নাগেশ্বরী জাতের হাস চাষ করা হচ্ছে। তবে এসব জাতের ভিতরে থাইল্যান্ড খাকি ক্যাম্বেল সবথেকে সফল জাত হিসাবে খামারীদের কাছে পরিচিতি পেয়েছে। এসকল জাতের হাস বছরে গড়ে ২৮০-৩০০ টি পর্যন্ত ডিম দিয়ে থাকে। ডিমের পাশাপাশি মাংসের চাহিদাও পূরন করছে এ সকল হাস। দুই বছর বা তার কম বয়সী হাস ডিম পাড়া শেষ হলে স্থানীয় চাহিদা মেটানোর সাথে সাথে ঢাকা, চট্রগ্রাম, নারায়ণগঞ্জ সহ দেশের বিভিন্ন স্থানে রপ্তানি করা হয়। গড়ে প্রতিটি হাসের ওজন। ২ থেকে ২.৫ কেজি পর্যন্ত হয়ে থাকে।

হাজিপুর মুন্দিয়া গ্রামের হাসের খামার পরিচালক জাহাঙ্গীর হোসেন জানান, তাদের খামারে ৪০০ টি থাই ক্যাম্বেল হাস রয়েছে, যা হতে প্রতিদিন ৩০০ টির মত ডিম পাওয়া যায়। এবং প্রতিদিন পাইকাররা সেগুলো সংগ্রহ করে স্থানীয় বাজারে বিক্রয় করেন।

মেহেরপুরে “গ্রামীণ সড়ক রক্ষনাবেক্ষণ মাস” এর উদ্বোধন

মেহেরপুরে “গ্রামীণ সড়ক রক্ষনাবেক্ষণ মাস” এর উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার ১১টার দিকে সদর উপজেলার বারাদী-মহাজনপুর সড়কে আনুষ্ঠানিকভাবে এ মাসের উদ্বোধন করা হয়। “মুজিববর্ষের অঙ্গীকার, সড়ক হবে সংস্কার” এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুর এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী আছাদুজ্জামান এই রক্ষনাবেক্ষণ মাসের উদ্বোধন করেন।

উদ্বোধনকালে তিনি বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রানালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুপ্রেরণা এবং এই শ্লোগানকে বাস্তবে রুপ দিতে এলজিইডি’র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারি বদ্ধ পরিকর।

এসয়ম উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী প্রকোশলী আব্দুল হামিদসহ এলজিইডি’র অন্যান্য কর্মকর্তা।

ফেসবুকে স্ট্যাটাস লিখে গলায় ফাঁস দিলেন শাবি শিক্ষার্থী

ফেসবুকে স্ট্যাটাস লিখে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) এক শিক্ষার্থী। তার নাম আছিয়া আক্তার।

বৃহস্পতিবার ভোর ৪টার দিকে বগুড়ার সদর থানার মঠুরা গ্রামে এ ঘটনা ঘটে। প্রেমজনিত কারণে এ আত্মহত্যার ঘটনা ঘটতে পারে বলে ধারণা করছেন তার পরিবারের সদস্যরা।

নিহত আছিয়া আক্তার বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী। তিনি বগুড়ার সদর থানার মঠুরা গ্রামের মো. জালাল উদ্দীনের মেয়ে।

তবে তার আগে মৃত্যু নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট দেন আছিয়া।

তিনি ফেসবুকে স্ট্যাটাসে লেখেন– ‘আমার ব্যবহারে কেউ কোনো দিন কষ্ট পেলে দয়া করে আমায় মাফ করবেন। কারণ মৃত্যু কার কখন দুয়ারে আসে আমরা কেউ বলতে পারি না; আল্লাহপাক সবাইকে ভালো রাখবেন।’

আছিয়ার ভাই আল আমীন বলেন, আমি প্রায় রাত সাড়ে ১২টা পর্যন্ত বারান্দায় বসে পড়াশোনা করে রাত ১টার দিকে রুমে গিয়ে ঘুমিয়ে পড়ি। পরে মা ফজরের নামাজ পড়ার জন্য ঘুম থেকে জেগে দেখেন আছিয়া গলায় ফাঁস দিয়ে ঝুলে আছে। পরে আমরা তাকে নামিয়ে থানায় এসেছি।

বাংলা বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. আশ্রাফুল করিম বলেন, এই মৃত্যু কোনোভাবেই মেনে নেয়ার মতো নয়। আমরা তার পরিবারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছি।

বগুড়ার সদর থানার ওসি হুমায়ুন কবির বলেন, ঘটনা আমরা জেনেছি। ঘটনাস্থলে পুলিশকে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, গত তিন মাসে এ নিয়ে বাংলা বিভাগের দুই শিক্ষার্থী আত্মহত্যার পথ বেছে নিয়েছে। এর আগে গত ৬ আগস্ট দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী তোরাবি বিনতে হক মায়ের সঙ্গে অভিমান করে গলায় ফাঁস দিয়ে তার নিজ বাড়িতে আত্মহত্যা করেছেন।

মুজিবনগরে জাতীয় কন্যা শিশু দিবস পালিত

আমরা সবাই সচ্চার,বিশ্ব হবে সমতার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে কন্যা শিশু র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় কন্যা শিশু দিবস।

বুধবার সকাল সাড়ে দশটার দিকে দিবসটি উপলক্ষে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে র্যালীটি শহরের প্রধান

প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

পরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে পরিষদ মিলনয়াতনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, প্রাথমিক শিক্ষা অফিসার বেলায়েত হোসেন,মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ প্রমুখ।